

## সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১০৩৩

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّفَائِقِ)

পরিচ্ছেদঃ হাদিস বিষয়ে যে ব্যক্তি গভীর জ্ঞান অর্জন করেনি, তাকে যে হাদীসটি এই সংশয়ে ফেলে দেয় যে, দু'আ পূর্বনির্ধারিত ভাগ্যকে প্রতিহত করতে পারে

ذِكْرُ خَبْرٍ قَدْ يُوْهِمُ غَيْرَ الْمُتَبَجِّرِ فِي صِنَاعَةِ الْحَدِيثِ أَنَّ الدُّعَاءَ يَدْفَعُ الْقَضَاءَ السَّابِقَ

আরবী

1033 - أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدٍ الْهَمْدَانِيُّ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ الثَّقَفِيُّ قَالَ: حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عُمَرَ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَجُلًا لُدِغَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَمَا إِنَّكَ لَوْ كُنْتَ قُلْتَ حِينَ أَمْسَيْتَ: أَعُوذُ بِكَلِمَاتِ اللَّهِ التَّامَّاتِ مِنْ شَرِّ مَا خَلَقَ مَا ضَرَّكَ) قَالَ: فَكَانَ أَبُو هُرَيْرَةَ إِذَا لُدِغَ إِنْسَانٌ مِنْهُ أَمْرُهُ أَنْ يَقُولَهَا.

الراوي: أبو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1033 | خلاصة حكم المحدث: صحيح.

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (مَا ضَرَّكَ) أَرَادَ بِهِ أَنَّكَ لَوْ قُلْتَ مَا قُلْنَا لَمْ يَضُرَّكَ أَلَمْ اللَّدْغِ لَا أَنَّ الْكَلَامَ الَّذِي قَالَ يَدْفَعُ قَضَاءَ اللَّهِ عَلَيْهِ.

বাংলা

১০৩৩. আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “এক ব্যক্তি দংশিত হয়, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “জেনে রাখো, যদি তুমি বিকেলে বলতে *مَا ضَرَّكَ* (আমি আল্লাহর পরিপূর্ণ কালেমার মাধ্যমে আশ্রয় চাই তিনি যা কিছু সৃষ্টি করেছেন, তার অনিষ্টতা থেকে।), তবে এটা তোমার কোন ক্ষতি করতে পারতো না।”[1]

রাবী বলেন, “অতঃপর আমাদের কেউ দংশিত হলে, আবু হুরাইরা রাদিয়াল্লাহু আনহু তাকে এই বাক্যগুলি বলার আদেশ করতেন।”

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বক্তব্য مَا ضَرَّكَ (তোমার কোন ক্ষতি করতে পারতো না) এর দ্বারা উদ্দেশ্য হলো যদি তুমি তা বলতে যা আমরা বললাম, তবে দংশনের ব্যথা তোমার কোন ক্ষতি করতে পারতো না; এটা উদ্দেশ্য নয় যে, সে যে কথা বলেছে, তা আল্লাহর ফায়সালাকে প্রতিহত করবে।”

## ফুটনোট

[1] বাগাবী, শারহুস সুন্নাহ: ৯৩; মুয়াত্তা ইমাম মালেক: ২/৯৫২; মুসনাদ আহমাদ: ২/৩৭৫; তিরমিযী: ৩৬০৫; আবু দাউদ: ৩৮৯৮; নাসাঈ: ৫৯২; ইবনু মাজাহ: ৩৫১৮; মুসান্নাফ ইবনু শায়বাহ: ১০/২৮৭; সহীহ মুসলিম: ২৭০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকুর রাগীব: ১/২২৫, ২২৬।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=90346>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন